

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯৬(আগরতলা, ১৪।৬)

কমলপুর, ১৪ জুন, ২০১৮

ডলুছড়া পঞ্চায়েতে ৫টি মার্কেট স্টল

তপশিলী জাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে সালেমা ব্লকের পশ্চিম ডলুছড়া গ্রাম পঞ্চায়েতের জয়ন্তী বাজারে ৫টি মার্কেট স্টল নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এই মার্কেট স্টলগুলি বেকার যুবক-যুবতীদের মধ্যে বন্টন করা হবে। সালেমা ব্লকের পঞ্চায়েত এক্সটেনশন আধিকারিক মিঠু দাশগুপ্ত জানান, এই মার্কেট স্টল নির্মাণে ব্যয় হবে ১০ লক্ষ টাকা।
